এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে কিয়ামত সম্পর্কে জিজ্ঞেস করল, কিয়ামত কখন হবে? তিনি বললেন, “তুমি তার জন্য কী জোগাড় করেছ?”

আনাস রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত: এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে কিয়ামত সম্পর্কে জিজ্ঞেস করল, কিয়ামত কখন হবে? তিনি বললেন, “তুমি তার জন্য কী জোগাড় করেছ?” সে বলল, কোন কিছুই জোগাড় করতে পারিনি, তবে আমি আল্লাহ্ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে ভালবাসি। তখন তিনি বললেন, “তুমি তাঁর সঙ্গেই থাকবে যাকে তুমি ভালবাস”। আনাস বললেন, আমরা আর কোন কিছুর দ্বারা এত খুশি
হইনি যে খুশি রাসূলের এ কথা “তুমি তাঁর সঙ্গেই থাকবে যাকে তুমি ভালবাস” দ্বারা
হয়েছি। আনাস বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ভালবাসি এবং আবূ বকর ও ‘উমার-কেও। আশা করি তাঁদেরকে আমার ভালবাসার কারণে তাদের সঙ্গে জান্নাতে বসবাস করতে পারব; যদিও তাঁদের ‘আমলের মত ‘আমল আমি করতে পারিনি। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

মরুভূমিতে বসবাসকারী এক বেদুইন নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করলেনঃ কেয়ামত সংঘটিত হওয়ার সময় সম্পর্কে? অতঃপর নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন: তুমি এর জন্য কী নেক আমল প্রস্তুত করেছো? প্রশ্নকারী বললেনঃ আমি আল্লাহ ও তাঁর রাসূলকে ভালবাসি ছাড়া এর জন্য কোন বড় আমল প্রস্তুত করিনি এবং তিনি অন্তর, শরীর বা আর্থ সংক্রান্ত কোন ইবাদত উল্লেখ করেননি। কারণ এগুলি সবই মহব্বতের শাখা আর তার ফলেই সৃষ্ট। অধিকন্তু আন্তরিক ভালবাসা একজনকে ভাল কাজ করার জন্য প্রচেষ্টা করতে অনুপ্রাণিত করে। নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন: তুমি যাকে ভালবাসো জান্নাতে তার সাথে থাকবে। এই সুসংবাদের ফলে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের সাহাবীগণ অত্যন্ত খুশি হলেন। অতঃপর আনাস রাদিয়াল্লাহু আনহু সংবাদ দিলেন যে, তিনি নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম, আবু বকর ও ওমরকে ভালোবাসেন এবং তাঁর কাজ তাঁদের মত না হলেও তাঁদের সাথে থাকার আশা করেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3087